গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.mopme.gov.bd

**বিষয়: ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিকের (জানুয়ারি-মার্চ) বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব ফরিদ আহাম্মদ
সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
তারিখ : ১৪ মে ২০২৩ খ্রিষ্টাব্দ।
সময় : সকাল ১১:০০ মিনিট।
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ৩য় ত্রৈমাসিকের (জানুয়ারি-মার্চ) অগ্রগতির বিষয়ে গুরুত্বারোপ করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | অগ্রগতি/সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন। | নৈতিকতা কমিটির সভা আয়োজন বিষয়ে আলোচনা হয়। | নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিকের (জানুয়ারি-মার্চ) সভা ১২/০১/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। | উপসচিব/সিনিয়র সহকারী সচিব, প্রাগম। |
| ২. | ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে আলোচনা হয়। | নৈতিকতা কমিটির ৩য় সভার সিদ্ধান্ত ১০০% বাস্তবায়িত হয়েছে। | উপসচিব/সিনিয়র সহকারী সচিব, প্রাগম। |
| ৩. | ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | ৩য় ত্রৈমাসিকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তি অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা ২৭/০৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। | প্রশাসন অনুবিভাগ |
| ৪. | ১.৪. শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন। | ৩য় ত্রৈমাসিকে কর্মকর্তা ও কর্মচারীগণের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ যথাসময়ে আয়োজন করা। | ৩য় ত্রৈমাসিকে ১০-১৬ গ্রেডের ৫০ জন কর্মকর্তা/কর্মচারীকে ১৪/০২/২০২৩ তারিখে এবং ১৭-২০ গ্রেডের ৩২ জন কর্মচারীকে ২৮/০২/২০২৩ তারিখে শুদ্ধাচার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | সিনিয়র সহকারী সচিব (তদন্ত ও শৃঙ্খলা শাখা),প্রাগম। |
| ৫. | ১.৫. কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/ নথি বিনষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি) | কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/ নথি বিনষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি কাজ যথাসময়ে সম্পাদন করা। | ৩য় কোয়ার্টারে কর্ম-পরিবেশ উন্নয়ন কার্যক্রম নেই। তবে ৪র্থ কোয়ার্টারে কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত নির্দিষ্ট কার্যক্রম সম্পন্ন করতে হবে। | উপসচিব (প্রশাসন-২), প্রাগম। |
| ৬. | ১.৬. আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান। | আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান করার জন্য আলোচনা হয়। | আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) অগ্রগতি প্রতিবেদনের ওপর ৩০/০৪/২০২৩ তারিখে সভার মাধ্যমে ফিডব্যাক প্রদান করা হয়েছে। | তদন্ত ও শৃঙ্খলা শাখা |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | অগ্রগতি/সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ৭. | ২.১. ২০২২-২০২৩ অর্থবছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ। | ২০২২-২০২৩ অর্থবছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে আলোচনা হয়। | ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত ক্রয়-পরিকল্পনা ২৭/০৩/২০২৩ তারিখে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), উপসচিব (প্রশাসন-২), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। |
| ৮. | ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেট) | অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়নের (রাজস্ব এবং উন্নয়ন বাজেট) উপর আলোচনা হয়। | শুদ্ধাচার পরিকল্পনা অনুযায়ী ৩য় ত্রৈমাসিকে (জানুয়ারি-মার্চ) অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ৩০% লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করা হয়েছে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>উপসচিব (প্রশাসন-২), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। |
| ৯. | ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন। | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অর্জন বিষয়ে আলোচনা হয়। | ৩য় ত্রৈমাসিকে (জানুয়ারি-মার্চ) এডিপি ৩২.৫৯% বাস্তবায়িত হয়েছে। ৪র্থ কোয়ার্টারে এডিপি বাস্তবায়ন ১০০% নিশ্চিত করার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে। | মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর;<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাগম,<br>মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো। |
| ১০. | ২.৪. প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন। | প্রকল্পের PSC ও PIC সভা বিষয়ে আলোচনা হয়। | ৩য় ত্রৈমাসিকে (জানুয়ারি-মার্চ) অনুষ্ঠিত PSC সভার সংখ্যা ০ টি এবং অনুষ্ঠিত PIC সভার সংখ্যা ০৬ টি। ৪র্থ কোয়ার্টারে যথাসময়ে অবশিষ্ট PSC ও PIC সভা করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাগম। |
| ১১. | ২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধিমোতাবেক হস্তান্তরকরা। | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধিমোতাবেক হস্তান্তর সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। | ডিসেম্বর/২০২২ তারিখের মধ্যে কোন প্রকল্পের মেয়াদ শেষ হয়নি। | মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর;<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাগম,<br>মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো। |
| ১২. | ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ। | সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা হয়েছে। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হচ্ছে। | অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রাগম। |
| ১৩. | ৩.২ শিক্ষা প্রতিষ্ঠান আকস্মিক পরিদর্শন। | ইতঃমধ্যে এ মন্ত্রণালয় হতে আকস্মিকভাবে বিভিন্ন বিদ্যালয় পরিদর্শন করা হচ্ছে। | ৩য় ত্রৈমাসিকে (জানুয়ারি-মার্চ) ৪৩টি বিদ্যালয় আকস্মিক পরিদর্শন করা হয়েছে। এ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | এ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা। |
| ১৪. | ৩.৩ পিইডিপি-৪ কর্তৃক গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলার বিদ্যালয়সমূহের উন্নয়ন পরিকল্পনা (SLIP) এর অর্থ ব্যয় সঠিকভাবে হচ্ছে কিনা তার বাস্তবায়ন নিশ্চিতকরণ। | পিইডিপি-৪ কর্তৃক গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলার বিদ্যালয়সমূহের উন্নয়ন পরিকল্পনা (SLIP) এর অর্থ ব্যয় সঠিকভাবে হচ্ছে কিনা তার বাস্তবায়ন নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা করা হয়েছে। | পিইডিপি-৪ কর্তৃক গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলার বিদ্যালয়সমূহের উন্নয়ন পরিকল্পনার (SLIP) অর্থ ব্যয় সঠিকভাবে বাস্তবায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে ০৬টি বিদ্যালয় পরিদর্শন করা হয়েছে। | অতিরিক্ত সচিব (বিদ্যালয়),<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাগম। |
| ১৫. | ৩.৪ বিনামূল্যে বিতরণের জন্য বিভিন্ন জেলায় প্রেরিত পাঠ্যপুস্তক ছাপানোয় ব্যবহৃত উপকরণের মান যাচাই। | বিনামূল্যে বিতরণের জন্য বিভিন্ন জেলায় প্রেরিত পাঠ্যপুস্তক ছাপানোয় ব্যবহৃত উপকরণের মান যাচাই বিষয়ে আলোচনা হয়েছে। | ৪র্থ কোয়ার্টারে কোন কার্যক্রম নেই। | অতিরিক্ত সচিব (বিদ্যালয়),<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন), প্রাগম। |

৬৬

## জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বহির্ভূত শুদ্ধাচার সংশ্লিষ্ট কার্যক্রমঃ

| মিক | আলোচ্য বিষয় | আলোচনা | অগ্রগতি/সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | দেশব্যাপী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অননুমোদিতভাবে অনুপস্থিত শিক্ষক সনাক্তকরণ এবং ব্যবস্থা গ্রহণ। | পত্র পত্রিকার মাধ্যমে জানা যায় বিভিন্ন বিদ্যালয়ে কর্মরত শিক্ষকগণ বিনা অনুমতিতে দীর্ঘ দিন যাবত অনুপস্থিত আছেন। বিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখা এবং সরকারের আর্থিক ক্ষতি রোধকল্পে তাদের সনাক্ত করে তাদের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ প্রয়োজন। | ৪১৮ জন শিক্ষককে সনাক্ত করে বিভাগীয় মামলার ব্যবস্থা করা হয়েছে মর্মে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে জানানো হয়। দ্রুততার সাথে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর; অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাগম। |

০২। সভাপতি নির্ধারিত সময়ের PSC ও PIC সভা অনুষ্ঠিত না হওয়ায় এবং এডিপি বাস্তবায়নের হার সন্তোষজনক না হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন। তিনি জুন মাসের মধ্যে এডিবি বাস্তবায়নের হার ১০০% এ উন্নীত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

০৩। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

21/5/2023

(ফরিদ আহাম্মদ)
সচিব

নং-৩৮.০০.০০০০.০০৪.৩১.০০১.২২-২১৬

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ / ২১ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

**বিতরণ: কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
০৪। মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষন ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
০৫। মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
০৬। যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
০৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। অফিস কপি।

(মোঃ ফজলুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন-০২২২৩৩৫৬৬৯১
ই :মেইল-dsindi@mopme.gov.bd